

হালিশহর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ

শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০১৯ উদযাপন

চট্টগ্রাম, ২১ ফেব্রুয়ারি ২০১৯

হালিশহর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস যথাযোগ্য মর্যাদা ও ভাবগম্ভীর পরিবেশে উদযাপন করেছে। প্রভাতফেরির মধ্য দিয়ে শুরু হওয়া আয়োজনে ছিল শহিদ মিনারে পুষ্পস্তবক অর্পণ, বর্ণমালা প্রদর্শনী, কবিতা আবৃত্তি, সুন্দর হাতের লেখা প্রতিযোগিতা, রচনা প্রতিযোগিতা, চিত্রাংকন প্রতিযোগিতা, প্রামাণ্যচিত্র প্রদর্শন ও সাংস্কৃতিক অনুষ্ঠান। অনুষ্ঠান শেষে বিজয়ীদের মধ্যে প্রতিষ্ঠানের সম্মানিত অধ্যক্ষ পুরস্কার বিতরণ করেন।

